



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 14



Class: 4

Subject: Bengali Grammar (অনুচ্ছেদ)

Date: 16/09/2020

নিম্নলিখিত সূত্রগুলির সাহায্যে 'মাদার টেরেসা' সম্বন্ধে -- একটি অনুচ্ছেদ লেখ :-

সূত্র :- :- মাদার টেরেসার জীবনে কোন মহাপুরুষের প্রভাব --- মাদার কোথাকার মানুষ ছিলেন --- কলকাতায় এসে তিনি তার কোন কাজের দ্বারা বিখ্যাত হয়েছিলেন --- তার তৈরী করা প্রতিষ্ঠানের নাম কী - তারা কী কী কাজ করেন --- তার পরলোকগমন ।

মাদার টেরেসা

যীশুখ্রীষ্ট মানুষকে ভালবাসা এবং তাদের সেবা করা ঈশ্বর লাভের উপায় বলেছিলেন । মাদার টেরেসা মানুষের সেবাকেই তাঁর জীবনের একমাত্র ব্রত হিসাবে গ্রহণ করেছিলেন । ১৯১০ খ্রীঃ ২৭শে আগষ্ট ইউরোপের আলবেনিয়া দেশের স্কোপজে শহরে তিনি জন্মগ্রহণ করেন । পিতামাতার ধর্মবোধ তার মধ্যে সঞ্চারিত হয়েছিল । সেবার প্রতি আগ্রহ তার ছোটবেলা থেকেই ছিল । ১৯২৯ সালে তিনি ইউরোপ থেকে কলকাতায় আসেন । তিনি কলকাতায় এসে শিক্ষিকা হিসাবে কাজ গ্রহণ করার সময় স্কুলের পাশেই বস্তির মানুষদের দুর্দশা দেখে সেই সেবার কাজ করার প্রেরণা পান । অনেক বাধা বিপত্তির মধ্যে দিয়ে তিনি ১৯৫০ সালে মিশনারিজ অফ চ্যারিটি নামে একটি সেবা প্রতিষ্ঠান গঠন করেন । এই প্রতিষ্ঠানের মাধ্যমে নানা অসহায় মানুষকে সেবা করা হয় । ১৯৭৯ সালে তিনি শান্তির জন্য নোবেল পুরস্কার লাভ করেন । ১৯৯৭ সালের ৫ই সেপ্টেম্বর এই মহীয়সী মহিলা পরলোক গমন করেন ।

Manashi Chaudhuri